



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৫ জানুয়ারি, ২০২৩



সভাপতি- মোঃ আনোয়ারুল ইসলাম



সাধারণ সম্পাদক মোঃ আব্দুস সাত্তার

বাউবি শিক্ষক সমিতির নির্বাচন

বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের পূর্ণ প্যানেলে জয়লাভ

সভাপতি- মোঃ আনোয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক- মোঃ আব্দুস সাত্তার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরবর্তী এক বছরের জন্য শিক্ষক সমিতির ২০২৩ নির্বাচনে বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম পূর্ণ প্যানেল জয়লাভ করেছে। বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের প্রার্থী স্কুল অব এডুকেশনের শিক্ষক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম ৭৩ ভোট পেয়ে সভাপতি পদে জয় লাভ করেন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের অধ্যাপক ড. মোঃ মঈনুল ইসলাম পেয়েছেন ২০ ভোট। বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের প্রার্থী ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক মোঃ আব্দুস সাত্তার ৭৯ ভোট পেয়ে সাধারণ সম্পাদক পদে জয় লাভ করেন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয়তাবাদী শিক্ষক ফোরামের ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীম পেয়েছেন ২০ ভোট।

বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাসের সেমিনার হলে ২৫ জানুয়ারি ২০২৩ বুধবার এই নির্বাচন অনুষ্ঠিত হয়। সকাল ১০ টায় নির্বাচন শুরু হয়ে বিরতিহীনভাবে দুপুর ১ টা পর্যন্ত এই ভোট কার্যক্রম চলে। পরে বিকেল ৪ টার দিকে প্রধান নির্বাচন কমিশনার স্কুল অব এডুকেশনের ডিন প্রফেসর সুফিয়া বেগম নির্বাচনের ফলাফল ঘোষণা করেন।

বিজয়ী অন্যান্যরা হলেন : সহ-সভাপতি মোঃ আনোয়ারুল ইসলাম, কোষাধ্যক্ষ মোঃ মশিউর রহমান, যুগ্ম-সম্পাদক কামরুজ্জামান, সাংস্কৃতিক সম্পাদক আরিফুল ইসলাম, কার্যনির্বাহী পরিষদের সদস্য পদে অধ্যাপক ড. কে. এম রেজানুর রহমান, অধ্যাপক ড. সোয়াইব আহমেদ, অধ্যাপক ডা. সরকার মোঃ নোমান, অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম, ড. মোহাম্মদ আব্দুল হামিদ, মেহেরীন মুনজারীন রত্না, ড. মোঃ শহীদুর রহমান, সুমা কর্মকার ও মোঃ শেখ ফরিদ।

বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরামের প্যানেল এবং জাতীয়তাবাদী শিক্ষক ফোরাম মনোনীত পৃথক দুইটি প্যানেল এ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে। এছাড়া সভাপতি পদে মোঃ মিজানুর রহমান স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করেন। এ নির্বাচনে মোট ভোটার সংখ্যা ছিল ১৩৭ জন।

উদ্দিন

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)